প্রাথমিক ইংরেজি (প্রথম – অষ্টম)

পঠন প্রক্রিয়ার উন্নয়ন এবং নিরীক্ষণ

Developing and monitoring reading

ভারতে বিদ্যালয় ভিত্তিক সহায়তার ভিত্তিতে শিক্ষকের জন্য শিক্ষা

www.TESS-India.edu.in

http://creativecommons.org/licenses/

TESS-ইন্ডিয়া) টিচার এডুকেশন থ্রু স্কুল বেসড সাপোর্ট(-এর লক্ষ্য হল শিক্ষার্থী–কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদক্ষেপের উন্নতিতে শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস)OERs)–এর সম্পদগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের রীতিগুলিকে উন্নত করা। TESS-ইন্ডিয়া OERs শিক্ষকদের স্কুলের পাঠ্যবইয়ের সহায়িকা প্রদান করে। এগুলি শিক্ষকদেরকে তাঁদের শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য অ্যাক্টিভিটি প্রদান করে, আর একই সাথে কিছু কেস স্টাডি প্রদান করে যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে যোগসূত্র স্থাপন করেছে যাতে শিক্ষকদেরকে তাঁদের পাঠের পরিকল্পনা ও বিষয়জ্ঞানকে উন্নত করতে সাহায্য করা যায়।

ভারতীয় পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য TESS-ইন্ডিয়া OERs সহযোগীতামূলক ভাবে ভারতীয় এবং আর্ন্তজাতিক লেখকদের দ্বারা লেখা হয়েছে এবং এটি অনলাইনে এবং ছাপার ব্যবহারের জন্য উপলব্ধ আছে (http://www.tess-india.edu.in/) I OERs অনেক সংস্করণে পাওয়া যায়, এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা এবং প্রসঙ্গ পূরণ করতে OERsকে ব্যবহারকারীদের গ্রহণ এবং স্থানীয় ভাষায় অনুবাদ করতে আমন্ত্রণ করা হয়।

TESS-ইন্ডিয়া দি ওপেন ইউনির্ভাসিটি UK দ্বারা পরিচালিত এবং UK সরকার আর্থিক বিনিয়োগ করেছে।

ভিডিও সম্পদসমূহ

এই ইউনিটে কিছু কার্যক্রমের সঙ্গে নিম্নলিখিত আইকনগুলি আছে: *। এর অর্থ হল যে নির্দিষ্ট শিক্ষাদান সক্রান্ত থিমের জন্য TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ দেখা আপনার পক্ষে সহায়ক হবে।*

TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ ভারতের ক্লাসঘরের বিবিধ প্রকারের পরিপ্রেক্ষিতে মূল শিক্ষাদানসংক্রান্ত কৌশলগুলি চিত্রিত করে। আমরা আশা করি সেগুলি আপনাকে অনুরূপ চর্চা নিয়ে পরীক্ষা করতে সাহায্য করবে। সেগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক ইউনিটের মাধ্যমে আপনার কাজের অভিজ্ঞতা বাড়ানো ও পরিপূর্ণ করা, কিন্তু আপনি যদি সেগুলি পেতে অসমর্থ হন, সেই ক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।

TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদগুলি অনলাইনে দেখা যায় বা TESS-ইন্ডিয়া ওয়েবসাইট, (http://www.tess-india.edu.in/) থেকে ডাউনলোড করা যায়। অন্যথায় আপনি একটি সিডি বা মেমরি কার্ডে ভিডিওগুলি পেতে পারেন।

সংস্করণ 1.0 EE13v1
West Bengal

তৃতীয় পক্ষের উপাদানগুলি বা অন্যথায় বর্ণিত না হলে এই সামগ্রী একি ক্রিয়েটিভ কমনস অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ: http://creativecommons.org/licenses/by-sa/3.0/

TESS-India is led by The Open University UK and funded by UK aid from the UK government

এই ইউনিটের বিষয়বস্তু

এই ইউনিটটিতে আপনার শিক্ষার্থীদের সরব এবং নীরব পাঠ করার মূখ্য দক্ষতা উন্নত করার ব্যবহারিক সম্পদ ও অভ্যাসগুলি সম্পর্কে এবং সরব পাঠ থেকে নীরব পাঠে উন্নীত করার বিষয়ে বলা হয়েছে।

যখন আপনি আপনার শিক্ষার্থীদের সরব পাঠ শোনেন, আপনি তাদের পঠন ক্ষমতা নিরীক্ষণ করতে পারেন। সরব পাঠ শিক্ষার্থীদের তাদের উচ্চারণ অভ্যাস করতে এবং ইংরেজি ব্যবহারে আত্মবিশ্বাস বাড়াতে সহায়তা করে।

শিক্ষার্থীরা, তাদের প্রথম বা দ্বিতীয় ভাষা যাই পাঠ করুক না কেন, নীরব পাঠ তাদের জন্য বাস্তবিক একটি উন্নততর দক্ষতা। এটা সাধারণত তাদের সরবে পাঠ করার পরে এবং তারপর পাশাপাশি কেউ সরব পাঠ করলে বিকাশপ্রাপ্ত হয়। অতএব, নীরব পঠনের মাধ্যমে শিক্ষার্থীদের আরও পরিণত এবং স্বাধীন পাঠক হিসাবে গড়ে তোলা হল একটা লক্ষ্য।

এই ইউনিটটি সক্ষম দলের মধ্যে নির্দেশিত পঠনের জন্য শিক্ষার্থীদের সংগঠিত করার অভ্যাসের সঙ্গে আপনাকে পরিচয় করাবে। এটা হয়ত আপনার জন্য একটি নতুন ভাবনা, বা আপনি হয়ত ইতোমধ্যেই নির্দেশিত পঠনের দিকগুলি করছেন। পঠনে উৎসাহিত এবং পঠন নিরীক্ষণ করতে একটি ব্যবহারিক সম্পদ হিসাবে আপনি পঠনের কার্ডগুলির দিকে লক্ষ্য করবেন।

এই ইউনিটটিতে আপনি কী শিখতে পারেন

- আপনার শিক্ষার্থীদের ইংরেজিতে সরব পাঠের দক্ষতা উন্নত করা ।
- আপনার শিক্ষার্থীদের ইংরেজিতে নীরব পাঠের দক্ষতা উন্নত করা ।
- ইংরেজিতে নির্দেশিত পঠন সংগঠিত করা ।

1 আপনার শিক্ষার্থীদের ইংরেজিতে সরব পাঠের দক্ষতা উন্নত করা

আপনার শিক্ষার্থীদের ইংরেজি পাঠক হিসেবে উন্নত করতে আপনি এখন কি করেন সেটা ভেবে শুরু করুন।

অ্যাক্টিভিটি 1: যেভাবে আপনি শ্রেণীকক্ষে পঠন অভ্যাস করান- একটি ফিরে দেখা

আপনার শ্রেণির সামনে জোরে পাঠ করাটা শুধু আপনার জন্য জরুরি নয় – একই সাথে আপনার শিক্ষার্থীদেরও এটা করার সুযোগগুলি থাকা উচিত।

আপনার নিজের ক্লাসগুলির বিষয়ে ভাবুন। কত ঘন ঘন আপনি পরবর্তী কার্যক্রমগুলি করে থাকেন – কখনও নয়, মাঝে মাঝে বা প্রায়ই ?

তালিকা 1 কত ঘন ঘন আপনি এগুলি করে থাকেন ?

অ্যাক্টিভিটি	কখনও নয়	মাঝে মাঝে	প্রায়ই
আমি পাঠ্যবই বা বোর্ড থেকে সরব পাঠ করি। শিক্ষার্থীরা নীরবে আমাকে অনুসরণ করে।			
আমি পাঠ্যবই বা বোর্ড থেকে সরবে পাঠ করি। শিক্ষার্থীরা আমার পরেই পুনরাবৃত্তি করে।			

আমি পাঠ্যবই বা বোর্ড থেকে সরব পাঠ করি। শিক্ষার্থীরা আমার সঙ্গেই সরব পাঠ করে।			
শিক্ষার্থীরা যখন ক্ষমতা অনুসারে ছোট ছোট দলে সরব পাঠ করে, আমি শুনি এবং বাকি শ্রেণি তখন নীরবে কাজ করে।			
আমি কোনও শিক্ষার্থীকে ডেকে সরব পাঠ করতে বলি এবং সমগ্র শ্রেণি শোনে।			
আমি শিক্ষার্থীদের একটি পাঠকে নীরব পাঠ করতে বলি এবং আমি তাদের পর্যবেক্ষন করি।			
আমি শিক্ষার্থীদের একটি পাঠকে নীরব পাঠ করতে বলি এবং আমি তাদের এটার বিষয়ে প্রশ্নাবলী জিজ্ঞেস করি।			

এগুলি সবই কার্যকরী পদ্ধতি এবং আপনার শ্রেণিকক্ষে এগুলির প্রয়োগে তারতম্য ঘটানো একটি ভালো অভ্যাস। কিন্তু শিক্ষার্থীরা ইংরেজিতে কথা বলতে যত বেশি নিজের ক্ষমতা প্রকাশের সুযোগ পাবে, ততই ভালো। সুতরাং সরব পাঠ করা এবং শিক্ষার্থীদের সরব পাঠ করানো একটা খুব ভালো অভ্যাস – সেটা আপনার সঙ্গে, আপনার পরে বা যখন আপনি শুধু তাদের পাঠ শুনছেন তখন আপনার সঙ্গে, যখনই হোক না কেন। এই দৃষ্টান্তগুলির প্রত্যেকটিতে, আপনি শিক্ষার্থীদের পঠন দক্ষতা পর্যবেক্ষন এবং মূল্যায়ন করতে পারেন।

কোন্ পদ্ধতিগুলি আপনি প্রায়শই ব্যবহার করেন? একজন শিক্ষক হিসেবে এই অভ্যাসগুলির প্রয়োগ থেকে আপনার এবং শিক্ষার্থীদের ইংরেজি শিক্ষায় কি কি লাভ হয় ?

এখন অভ্যাসগুলির দিকে দেখুন, কোনগুলি আপনি ব্যবহার করেন না বা খুব কম ব্যবহার করেন। এই অভ্যাসগুলির বাস্তবায়ন করার সময় একজন শিক্ষক হিসেবে আপনার জন্য কি কি বাধা রয়েছে? এটা কি আত্মবিশ্বাস, ব্যবহারিক সম্পদ বা শ্রেণির আকারের সঙ্গে সম্পর্কিত ? এই ইউনিটটি আপনার আত্মবিশ্বাসের উন্নতিকরণের মাধ্যমে শ্রেণিতে আপনার পঠন শিক্ষনের বিভিন্ন অভ্যাস গুলিকে আর একটু বিস্তৃত করার লক্ষ্য নিয়ে গঠিত হয়েছে।

2 আপনার শিক্ষার্থীদের সরব পাঠ করানো

পরবর্তী কেস স্টাডিটিতে, একজন শিক্ষক শিক্ষার্থীদের পঠন নিরীক্ষণ এবং মূল্যায়ন করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছেন।

কেস স্টাডি 1: সৌগতবাবু শিক্ষার্থীদের সরব পাঠ করতে উৎসাহদান করেন।

সৌগতবাবু পঞ্চম শ্রেণির একজন ইংরেজি শিক্ষক।

আমাদের ইংরেজি পাঠ্যবইয়ের মধ্যে অনেক ছোট গল্প আছে। আমি সর্বদা এই গল্পগুলি আমার শিক্ষার্থীদের সামনে সরবে পড়তাম এবং যখন আমি বইটির থেকে গল্পগুলি পাঠ করতাম, তখন আমি তাদের নীরবে অনুসরণ করতে বলতাম। যদিও কখনও কখনও আমি লক্ষ্য করেছিলাম, যে যখন আমি এটার বিষয়ে তাদের প্রশ্ন করতাম, তারা গল্পটি অনুসরণ করতে পারত না বা তাদের পাঠটির বিষয়ে কোন ধারণা থাকত না।

আমি এটা নিরীক্ষণ করতে চাইতাম যে, তারা যেটা পাঠ করছিল সেটা তারা বুঝতে পারছিল, না কি পারছিল না। আমি ভেবেছিলাম, এটা করার একটা উপায় হল শিক্ষার্থীদের পাঠ্যবই থেকে সরব পাঠ করতে দেব, বিশেষ করে আমরা সবাই যখন গল্পটি আবার একসাথে পাঠ করে ফেলেছি তার পরে। আমি তিন বা চারজন শিক্ষার্থীকে প্রত্যেক দিন ডাকতে পারতাম। কিন্তু আমি এটা রোজ করার ব্যাপারে ভেবেছিলাম। বেশিরভাগ শিক্ষার্থীর প্রত্যেক দুই সপ্তাহে অন্তত একবার পালা আসত। এইভাবে, তারা নিজেরা নিয়মিত সরব পাঠ করার এবং একে অপরের সরব পাঠ শোনার সুযোগ পেতে পারত।

আমি এভাবে ভাবতে অভ্যস্ত ছিলাম, যে যদি আমি আমার শিক্ষার্থীদের ভালোভাবে শিক্ষা দিই, তাহলে তারা সরব পাঠ করার সময় ভুলভ্রান্তি করবে না। কিন্তু আমি লক্ষ্য করেছিলাম, যেসব শিক্ষার্থী কোন ভুল ছাড়াই পাঠ করছিল তারা আসলে শুধু পাঠ করার ভান করছিল, পাঠটি তারা স্মৃতি থেকে বলছিল। এবং আমি বুঝতে পেরেছিলাম যে, যদি তারা শুধুমাত্র আমি তাদের যা পড়িয়েছিলাম সেগুলি মনে রেখে থাকে, তাহলে তারা বাস্তবে কিছুই শিখছে না। যেসব শিক্ষার্থীরা সত্যিই পাঠ করছিল এবং বুঝছিল, তাদের পঠন অনেক মন্থর ছিল, তারা ভুল করেছিল এবং তাদের কিছু শব্দ পাঠ করতে সমস্যা হচ্ছিল। আমি বুঝতে পেরেছিলাম যে, ওই 'ভুলগুলি' আসলে এটাই দেখিয়েছে যে তারা শিখছিল।

কিন্তু শিক্ষার্থীরা ভুল করতে পছন্দ করে না, তাই যখন তারা পাঠ করছিল আমি তাদের নিয়মিতভাবে উৎসাহিত ও প্রশংসা করেছিলাম যাতে তারা চেষ্টা করে।

কোন কোন সময় যখন একজন শিক্ষার্থী একটি শব্দ পায়, যেটি তাদের পাঠ করার ক্ষেত্রে কঠিন, তারা সম্ভবত সেটা এড়িয়ে যেতেই প্রলুব্ধ হয়। কিন্তু আমি তাদের একটু বেশি সময় নিয়ে শব্দটিকে দেখতে এবং এটার মানে বোঝার চেষ্টা করার জন্য উৎসাহ দিতে চেষ্টা করি। যখন একবার তারা শব্দটি পাঠ করে ফেলে এবং সেটা বুঝে ফেলে, আমি শিক্ষার্থীদের বাক্যটির শুরুতে ফিরে যেতে বলি এবং আবার পাঠ করতে বলি। যখন তারা সরব পাঠ করে, তখন কঠিন শব্দগুলিকে এবং বাক্যগুলিকে বারবার পঠনের ফলে শিক্ষার্থীর গতি, নির্ভুলতা এবং প্রকাশভঙ্গিতে উন্নতি লক্ষ্য করা যায়। সে জন্যই এটা জরুরি যে, শিক্ষার্থীরা যাতে আকর্ষণীয় পাঠগুলোই পাঠ করে, যাতে তারা সেগুলোকে বারবার পাঠ করায় উদ্দীপ্ত বোধ করে।

যাই হোক, আমি বুঝতে পেরেছি যে, যদি একজন শিক্ষার্থী বারবার কিছু একটা পাঠ করতে গিয়ে অসুবিধার সম্মুখীন হয়, তাহলে তাদের সেটা চালিয়ে যাওয়ার কোন মানে নেই। তাই আমি নিজেই সিদ্ধান্ত গ্রহণ করি যে, শিক্ষার্থীর পঠনের জন্য আরও সহায়তা প্রয়োজন এবং আমি তাদের পরবর্তী সময়ে পাঠ করার জন্য একটি সহজতর পাঠ বাছাই করি। আমি তারপর যখনই সম্ভব হয়, তাদের প্রত্যেকের সাথে আলাদা ভাবে কাজ করি। আমি লক্ষ্য করেছিলাম যে, যদি তাদেরকে এমন পাঠ দেওয়া হয়, যেটায় তারা বেশিরভাগ শব্দ এবং শব্দবন্ধ গুলির সাথে পরিচিত তাহলে সম্ভবত শিক্ষার্থীদের পঠন ক্ষমতা উন্নত হতে পারে।

চিন্তার জন্য সাময়িক বিরতি

- শিক্ষার্থীদের ইংরেজি পঠনের বোধশক্তির মূল্যায়নে সৌগতবাবুর প্রক্রিয়াগুলি কি কি?
- কীভাবে তিনি পঠনে কম দক্ষ শিক্ষার্থীদের সহায়তা করেন?
- আপনি কি সৌগতবাবুর সাথে একমত, যে যখন একজন শিক্ষার্থী জোরে পাঠ করার সময় কিছু ভুল করে সেটায় তাকে কি কিছু শিক্ষা দেয়? কেন বা কেন নয়?
- শিক্ষার্থীদের প্রশংসা করা এবং উৎসাহ দেওয়া কতটা জরুরি, তা সৌগতবাবু লক্ষ্য করেন। আপনি কীভাবে এটা আপনার শ্রেণিতে করেন?

পরবর্তী কার্যক্রমে, লক্ষ্যটি হল শিক্ষার্থীদের ইংরেজিতে সরব পাঠের মাধ্যমে দক্ষতাগুলির উন্নয়ন।

অ্যাক্টিভিটি 2: শিক্ষার্থীদের সরব পাঠ শুনুন

একটা 30-মিনিটের পাঠ পরিকল্পনা করুন, যেখানে আপনি প্রত্যেক শিক্ষার্থীর ইংরেজিতে সরব পাঠ শুনবেন।

- একটি ছোট দলে শিক্ষার্থীদের নির্বাচন করুন (ছয় জনের বেশি নয়) যারা একই ক্ষমতাসম্পন্ন ।
- তাদের পঠনের জন্য পাঠ্যবইয়ের একটি অংশ বাছাই করুন – তারা যেন এটার সাথে অতিপরিচিত না হয়।
- যাতে প্রত্যেক শিক্ষার্থীর কাছে একটি করে পাঠ্যবই থাকে তা নিশ্চিত করুন, যাতে তারা সবাই পাঠটি দেখতে পায়।
- শ্রেণির বাকি ছাত্রদেরও এমন কোন কাজ দিন যাতে তারা নীরব থাকে।
- শ্রেণিতে একটি ক্ষেত্র সংগঠিত করুন, যেখানে আপনি দলের সাথে বসতে পারেন।
- একটা নিয়ম করুন যে আপনাকে এবং আপনার দলকে কোনোভাবেই বিরক্ত করা যাবেনা।
- শ্রেণিকে বলুন, প্রত্যেকে আপনার কাছে পাঠ করার সুযোগ পাবে কিন্তু ছোট দলে।

শিক্ষার্থীদের সরব পাঠ শোনা

ছোট দলটির সাথে বসুন। বুঝিয়ে দিন , যে প্রত্যেক শিক্ষার্থী আপনার সামনে একটি অনুচ্ছেদ সরব পাঠ করবে যাতে আপনি শুনতে পারেন এবং তাদের পঠনে উৎসাহিত করতে পারেন। ছয়জন শিক্ষার্থীকে পাঠ্যবইটি দিন এবং অংশটি আপনার সামনে একের পর এক করে সরব পাঠ করতে বলুন।



একটি ছোট দলের সঙ্গে সময় কাটানো

যখন আপনার শিক্ষার্থীরা পাঠ করছে, তখন তাদের পাঠ মন দিয়ে শুনুন। যদি তারা কোন শব্দ নিয়ে নিশ্চিত না হয়, সঙ্গে সঙ্গে তাদের সাহায্য করতে এগিয়ে যাবেন না। শব্দটি বা বাক্যটি নিয়ে চর্চা করতে তাদের নম্রভাবে উৎসাহিত করুন। নিম্নলিখিত কৌশলগুলির মধ্যে আপনি তাদের কোন্ কৌশলটি ব্যবহার করতে দেখেন ?

- উচ্চারিত শব্দগুলি (অক্ষর ব্যবহার করা/শব্দ জ্ঞান)
- গল্পের বিষয় বা কোনভাবে যুক্ত ছবিগুলি থেকে শব্দগুলি আন্দাজ করা।
- পরিচিত শব্দগুলির ভাববোধের কারনে পরবর্তী আগত শব্দটি আন্দাজ করা।
- একটি করে শব্দ একবারে পাঠ করা
- সম্পর্কিত পাঠ্য এবং বাক্যাংশগুলি পাঠ করা
- প্রত্যেক শব্দ চিহ্নিতকরণ
- স্মৃতি থেকে শব্দগুলি পাঠ করা
- স্মৃতি থেকে বাক্যগুলি পাঠ করা
- অনুমান করা।

এগুলো সবই একটি নতুন ভাষায় পঠন অভ্যাস করার গ্রহণযোগ্য পথ। শিক্ষার্থীরা একটি কৌশল ব্যবহার করলে, আপনি তাদের শব্দ নিয়ে কাজ করার জন্য অন্য উপায় চেষ্টা করতে উৎসাহ দিতে পারেন। উদাহরণস্বরূপ, আপনি জিজ্ঞেস করতে পারেন, 'চিত্রটিতে কি দেখা যাচ্ছে?' বা 'এটা কোন অক্ষর এবং এটা কি শব্দ উৎপন্ন করে?'

শিক্ষার্থীদের সরব পাঠ শোনা একটি মূল্যায়নের সুযোগ। কোন বইটি বা পাঠটি শিক্ষার্থীর এর পর পাঠ করা উচিত - তা আপনি কীভাবে স্থির করবেন? আপনার মতে পঠনের স্তরগুলি কতটা গুরুত্বপূর্ণ? আপনি কি শিক্ষার্থীর বয়স বিবেচনায় রাখেন? আপনার মূল্যায়নকে অন্যান্য কোন্ বিষয়গুলি প্রভাবিত করে?

আপনি যখন শিক্ষার্থীদের সরব পাঠ করতে শোনেন, আপনি তাদের সাবলীলতা এবং উচ্চারণ নিরীক্ষণ করতে পারেন। আপনি তাদের বোধগম্যতা সক্রান্ত প্রশ্নাবলী জিজ্ঞেস করতে পারেন। আপনি শিক্ষার্থীদের এটাও জিজ্ঞেস করতে পারেন, যে তারা কী বইটি পছন্দ করে, বা তারা কি আকর্ষণীয় বা মজার মনে করে। এটা তাদেরকে উপভোগ্য ভাবে পঠনের বিষয়ে কথা বলার সময় দেয়।

যদি আপনি একটি দলের শিক্ষার্থীদের প্রত্যেক সপ্তাহে পাঠ করতে শোনেন, তখন আপনি আপনার প্রত্যেক শিক্ষার্থীকে এক মাস থেকে ছয় সপ্তাহেরও বেশি ধরে সরব পাঠ করতে শুনতে পাবেন। প্রত্যেক সপ্তাহে কোন্ দল আপনার সাথে পাঠ করবে, সেটা দেখাতে একটি দেওয়াল চার্ট বানান। এটাকে আপনার এবং আপনার শিক্ষার্থীদের জন্য একটা বিশেষ সময় হিসেবে তৈরি করুন।

ব্যবহারিকসম্পদ 1 দেখুন ঃ শিক্ষার্থীদের উন্নতির মূল্যায়ন এবং রেকর্ড করতে ব্যবহৃত কৌশলগুলি সম্পর্কে আরও বেশি জানতে **'পর্যবেক্ষণ ও মতামত প্রদান'** বিষয়ক ।

3 নীরব পঠনের জন্য ব্যবহারিক সম্পদগুলি

শিক্ষার্থীদের শ্রেণিতে নীরব পাঠের সুযোগ দেওয়া উচিত। এটা সম্ভবত সেই ধরনের পঠন যেটা তারা বাস্তবে করবে। আপনার শিক্ষার্থীদের নিজে নিজেই পাঠের জন্য প্রস্তুত করতে, আপনি 'পঠন কার্ডগুলি' ব্যবহার করতে পারেন : কিছু গল্প সহ ছোট পুস্তিকা বা কার্ডগুলি, যেগুলিকে কাঠিন্যের মান অনুযায়ী শ্রেণিকরণ করা হয়। বিভিন্ন ধরণের ইংরেজি পাঠ্যবই থেকে সহজ পাঠ বা কিছু গল্পের প্রতিলিপি করে আপনি আপনার নিজের গ্রেড কার্ড প্রস্তুত করতে পারেন। আপনি হয় পাঠ্যবইয়ের অনুশীলনীর অংশ হিসেবে প্রশ্নাবলী লিখতে পারেন, বা নিজের প্রশ্নাবলী তৈরি করতে পারেন।

অ্যাক্টিভিটি 3: নীরব পাঠের জন্য বিভিন্ন পঠন কার্ড

চিত্র 1 একটি শব্দ পঠন কার্ডের উদাহরণ পঠনের শিক্ষানবিশের জন্য । প্রত্যেক কার্ডে এক দল শব্দের জন্য সামঞ্জস্য মানের কিছু ছবি এবং একই নির্দেশাবলী রয়েছে। শুরু করার জন্য, আপনি আপনার শিক্ষার্থীদেরকে তাদের ভাষাতেই নির্দেশাবলী ব্যাখ্যা করতে পারেন।



চিত্র 1 পঠন কার্ডের একটি উদাহরণ

চিত্র 2 এবার দেখায় আরও দুটো পঠন কার্ড যেগুলি ছোট গল্প সম্বলিত।



100

Balu's Hill

There is a hill near Balu's village.
Balu's goats eat the grass on the hill.

One day some men come there.
They say, "This hill is made of good rock."

They break up the hill. They take away the stone.
There is no hill now.

Where will Balu's goats find grass?

41

The Carpenter

Ramu is a carpenter.
He makes chairs.
He makes a chair for me.
Ramu the carpenter is my father.

চিত্র 2 দুটো গল্প কার্ড

প্রত্যেক কার্ডের পিছনে কিছু প্রশ্ন নিম্নলিখিতভাবে তালিকাভুক্ত রয়েছে। আপনার কাছে কি তাদের সহজ মনে হয় নাকি কঠিন মনে হয়? এই কার্ডগুলি পাঠ করতে এবং নিজেদেরই প্রশ্নগুলির উত্তর দিতে সমর্থ হওয়ার জন্য শিক্ষার্থীর কোন শ্রেণিতে থাকা দরকার?

'Balu's Hill'

Choose the right words:

- Balu's village is near a _____ (hill, river).
- Balu has some _____ (dogs, goats).
- The goats eat _____ (stone, grass).
- The hill is made of _____ (rock, grass).
- The men take away the _____ (grass, stone).

'The Carpenter'

Choose the right words:

- Ramu is a _____ (farmer, carpenter).
- Ramu makes _____ (cars, chairs).
- Ramu makes a _____ (chair, table) for me.
- Ramu is my _____ (mother, father).

আপনার কি পঠন কার্ড ব্যবহার করার অভিজ্ঞতা আছে? যদি তাই হয়, শিক্ষার্থীদের সেগুলো ব্যবহার করার ক্ষেত্রে কি কি লাভ এবং সমস্যা রয়েছে বলে আপনার মনে হয়?

আপনার কাছে কি এরকম পঠন কার্ড যথেষ্ট পরিমাণে রয়েছে, যেগুলি শ্রেণিতে কোনদিনও ব্যবহার করেন নি? সেগুলো ব্যবহার করতে আপনার বাধা কোথায় ?

আপনার কি মনে হয়, একটি পাঠ্যবইয়ের পাঠের ওপর ভিত্তি করে আপনি আপনার নিজের ব্যবহারের জন্য পঠন কার্ড বানাতে পারেন? যে সমস্ত শিক্ষার্থীদের জন্য সংশোধনী কাজ প্রয়োজন, তাদের জন্য আপনি এগুলো কীভাবে প্রস্তুত করবেন?

শিক্ষার্থীরা যত কম কঠিন থেকে বেশি কঠিন কার্ডগুলির দিকে এগিয়ে যায়, পঠনকার্ড তাদের নিজেদের বোধশক্তি নিরীক্ষণ বা মূল্যায়ন করতে সহায়তা করে। শিক্ষার্থীরা নিজেদের পঠনকার্ডের 'স্তর' বেছে নিতে পারে: যদি একটি কার্ড খুব সহজ হয়, তারা টপকে সামনে এগিয়ে যেতে পারে; যদি একটি কার্ড খুব কঠিন হয়, তারা একটি সহজতর কার্ডে ফিরে যেতে পারে।

অ্যাক্টিভিটি 4: পঠন কার্ড তৈরি করা।

একটি খুব সহজ পঠন কার্ডের সেট তৈরি করুন। আপনি ইংরেজি শব্দভান্ডার ,একটি খুব ছোট কবিতা বা গল্প, বা একটি বিষয়ের ওপর এক গুচ্ছ সত্যি ঘটনা বাছাই করতে পারেন (উদাহরণস্বরূপ, প্রাণীদের নাম অথবা শরীরের অংশ)।

1. কাঁচি, শক্ত কার্ড এবং আঠা নিয়ে আসুন।
2. ছয়টি কার্ড কেটে নিন – যা একজন শিক্ষার্থীর ধরার এবং সহজে পড়ার জন্য যথেষ্ট বড় হবে।
3. শব্দভান্ডার বা একটি খুব ছোট পাঠ পছন্দ করুন।
4. কার্ডের এক দিকে পাঠটি লিখুন।
5. যদি উপযুক্ত হয় চিত্রগুলি আঁকুন বা আঠা দিয়ে আটকান।
6. কার্ডের অন্য পাশে পাঠটির বিষয়ে সহজ প্রশ্নাবলী লিখুন।

একটি 30-মিনিট-এর পাঠ পর্ব পরিকল্পনা করুন যেখানে আপনি কার্ডগুলিকে শিক্ষার্থীদের একটি ছোট দলকে দিন (ছয় জনের বেশি নয়) কার্ডগুলি পড়তে এবং তাদের খাতায় প্রশ্নগুলির উত্তর দিতে বলুন। আপনি আপনার সরব পাঠের ছোট দলের মত একই সময়ে এবং একই ভাবে এই দলটিকে সংগঠিত করতে পারেন (অ্যাক্টিভিটি 2)। শ্রেণির বাকিদের জন্য শান্ত প্রকৃতির কাজ দেওয়া দরকার। শ্রেণিতে বলুন যে, প্রত্যেকে পঠন কার্ডগুলির সাথে একটি দলে কাজ করার সুযোগ পাবে। সেই পাঠগুলি ব্যাখ্যা করুন যেগুলি ছোট এবং প্রশ্নাবলী সহজ, যাতে শিক্ষার্থীরা নিজেরই সেই প্রশ্নগুলির উত্তর দিতে পারে। এটা শিক্ষার্থীদের জন্য স্বাধীন কাজের দক্ষতার উন্নয়নের সুযোগ প্রদান করে।

নির্ধারিত সময়ের মধ্যে তারা কতগুলি কার্ড, কোন স্তরে পাঠ করতে পারছে, এবং তারা উত্তরগুলি সঠিক দিতে পারছে কি না, সেটা দেখে আপনি আপনার শিক্ষার্থীদের নীরব পঠনের নিরীক্ষণ এবং মূল্যায়ন করতে পারেন। আপনি শিক্ষার্থীদের বোধগম্যতা বিচার করতে নিজস্ব প্রশ্নাবলীও জিজ্ঞাসা করতে পারেন।

পরবর্তী অংশ, সক্ষম দলের মধ্যে নির্দেশিত পঠন সম্পর্কে দৃষ্টিপাত করে। আপনি যখন পড়বেন, তখন পঠন কার্ডগুলি কীভাবে নির্দেশিত পঠনের জন্য ব্যবহার করা যেতে পারে তা ভাবুন।

4 দলগতভাবে সমগ্র শ্রেণি নির্দেশিত পঠন

নির্দেশিত পঠনে, আপনি সম্পূর্ণ শ্রেণিকে পঠন সক্ষম দলে সংগঠিত করবেন। প্রত্যেক দলের স্বতন্ত্র বই বা পঠন কার্ড রয়েছে, বা একটি ভাগ করে নেওয়া বই রয়েছে, যেটি তাদের পঠন স্তরে এগিয়ে নিয়ে যাওয়ার উপযুক্ত।

নির্দেশিত পঠন

আপনি প্রত্যেক দলের সঙ্গে সময় কাটান, প্রত্যেক আলাদা আলাদা শিক্ষার্থীদের সরব পাঠ করার সময় শুনুন । আপনি যখন প্রত্যেক দলের সঙ্গে কাজ করবেন, তখন অন্য দলগুলিতে অবশ্যই স্বাধীনভাবে কাজ চালিয়ে যেতে হবে।

- আপনি কি কখনও এটা করেছেন, বা এটা সম্পন্ন হতে দেখেছেন?
- এই পদ্ধতির লাভগুলি কি কি বলে আপনার মনে হয়? এই পদ্ধতির অসুবিধাগুলি কি কি বলে আপনার মনে হয়?
- পঠনের জন্য দলে ভাগ করার সময় আপনার শ্রেণি সম্পর্কে আপনার কি কি জানা প্রয়োজন?

শিক্ষার্থীরা বিভিন্ন গতিতে পাঠ করবে এবং বিভিন্ন সময়ে শেষ করবে। যখন আপনি শিক্ষার্থীদের দলে পঠনের জন্য তৈরি করেন ও তারা যখন তাদের পঠন সমাপ্ত করে ফেলে, তখন তাদের একটা অতিরিক্ত কাজ দেওয়া জরুরি, যেমন চিত্র বা চরিত্র অঙ্কন, কর্মপত্র সমাপ্ত করা, গল্পের একটা নতুন সমাপ্তি লেখা বা বইটির জন্য একটি নতুন মলাটের নকশা করা ইত্যাদি। এই অতিরিক্ত কাজটি একটি পুরস্কার হিসেবে কাজ করতে পারে এবং শিক্ষার্থীদের অনুপ্রাণিত রাখতে পারে।

ব্যবহারিক সম্পদ 2 দেখুন, 'দলগত কাজের ব্যবহার'।

ভিডিও: **দলগত কাজের ব্যবহার**



শিক্ষার্থীদের পঠনে সাহায্য করা

অন্তিম এবং শেষ কেস স্টাডিতে, একজন শিক্ষক একটি প্রতিবন্ধক অবস্থায় নির্দেশিত পঠন সংগঠিত করেন।

কেস স্টাডি 2: অঙ্কিতা দিদিমনি দলগতভাবে নির্দেশিত পঠনের ব্যবস্থা করেন

অঙ্কিতা দিদিমনি একটি বহুমাত্রিক (multigrade) *শ্রেণিতে IV–VI পর্যন্ত ৪৬ জন শিক্ষার্থীদের পড়ান, যারা বিভিন্ন পঠন মাত্রায় রয়েছে। তিনি সব মিলিয়ে ৮০ মিনিটের দুটি পিরিয়ডের জন্য একটি নির্দেশিত পঠনকালের পরিকল্পনা করেছিলেন।*

দলে ভাগ করা এবং ব্যবহারিক সম্পদ

প্রথমত, আমি শিক্ষার্থীদের ছয়টি দলে বসিয়েছিলাম: আটজনের পাঁচটি দল এবং ছয়জনের একটি দল। আমি বসার বন্দোবস্ত করতে ও প্রত্যেক শিক্ষার্থীর নাম ডাকার জন্য চারজন শিক্ষার্থীর সাহায্য নিয়েছিলাম এবং তাদের প্রত্যেককে একটি করে দলের দায়িত্ব দিয়েছিলাম। যখন একজন শিক্ষার্থী থেকে প্রত্যেক দলকে দায়িত্ব অর্পণ করছিলাম, তখন একই পঠন ক্ষমতাযুক্ত শিক্ষার্থীরা যাতে একসাথে একই দলে থাকে, সে বিষয়ে সতর্ক ছিলাম।

একটা দলের শিক্ষার্থীরা, যারা কোনো মতে ইংরেজি পাঠ করতে পারে, আমি সেই দলটিকে প্রথম শ্রেণির একটি গল্পের বই দিয়েছিলাম। দুটো দলের শিক্ষার্থীরা মোটামুটি সাবলীলভাবে পাঠ করতে পারত। এদের মধ্যে একটি দলকে আমি বিদ্যালয়ের পাঠাগার থেকে নেওয়া গল্পের বইগুলি দিয়েছিলাম এবং অন্য দলটিকে আমি একটা সহজ গল্পের সংগ্রহ দিয়েছিলাম, যেগুলি আমি খবরের কাগজের শিশুদের বিভাগ থেকে একত্র করেছিলাম। অন্য দুটি দলের শিক্ষার্থীরা ইংরেজি অক্ষরগুলি এবং শব্দগুলির সঙ্গে পরিচিত ছিল এবং কিছু সংখ্যক শব্দ চিনতে পারত। তাই আমি তাদের শব্দ , চিত্র এবং সহজ প্রশ্নাবলী সহ পঠন কার্ডগুলি ব্যবহার করতে দিয়েছিলাম। আমি এই কার্ডগুলি বছরের শুরুতেই উঁচু শ্রেণীর শিক্ষার্থীদের সাহায্যে বানিয়েছিলাম।

শেষ দলের এই ছয়জন শিক্ষার্থীর জন্য বিশেষ সাহায্য দরকার ছিল: একজন শিশু অন্ধ ছিল, একজন ডিসলেক্সিক ছিল এবং অন্য চারজন অভিবাসী শিক্ষার্থী ছিল, যারা মাত্র দশ দিন আগে বিদ্যালয়ে যোগ দিয়েছিল। গত গরমের ছুটির সময়ে আমি অন্তর্ভুক্তিমূলক শিক্ষার ওপর প্রশিক্ষণের সময় যে পরামর্শ পেয়েছিলাম, সেভাবে আমি অন্ধ শিক্ষার্থীটিকে স্পর্শযোগ্য অক্ষরগুলি দিয়েছিলাম, যেগুলি আমি শিরিষ কাগজ থেকে কেটেছিলাম। আমি তাকে বর্ণগুলি অনুভব করতে এবং সেগুলি কি সেটা অনুমান করতে বলেছিলাম এবং বলেছিলাম যে, আমি তাকে সাহায্য করতে ফিরে আসব। অন্য পাঁচজনকে আমি একটা বড় ছবির বই দিয়েছিলাম, যেটা পড়ার বয়স আমার নিজের ছেলের পেরিয়ে গিয়েছিল। আমি এই দলটিকে পালা করে ছবির বইটি দেখতে বলেছিলাম এবং তারা যে ছবিগুলি দেখছে সেটা নিয়ে আস্তে আস্তে কথা বলতে বলেছিলাম এবং এও বলেছিলাম যে, আমি তাদের সাহায্য করতে ফিরে আসব।

নিরীক্ষণ এবং মূল্যায়ন

আমি তিনটি শ্রেণির শিক্ষার্থীদের লক্ষ্য করার পরিকল্পনা করেছিলাম: তাদের মধ্যে দুজন শিক্ষার্থী পড়তে যথাসাধ্য চেষ্টা করছিল এবং একজন সাবলীল পাঠকদের সাথে পড়তে চেষ্টা করছিল। ৮০ মিনিটের দুটি পিরিয়ডের মধ্যে, আমি এটাও নিশ্চিত করতে চেয়েছিলাম যে, আমি সমস্ত দলের সঙ্গে সময় কাটিয়েছি।

একবার শিক্ষার্থীরা তাদের দলে স্থায়ী হয়ে যাওয়ার পর, আমি পাঁচ মিনিটের মত প্রত্যেক দলে ঘুরে কাটিয়েছিলাম এটা নিশ্চিত করতে, যে তারা সবাই পাঠ করছে এবং তাদের কাছে কি চাওয়া হয়েছে সেটা বুঝতে পারছে। আমি তাদের মনোনিবেশ করা নিয়ে সন্তুষ্ট হওয়ার পর, প্রত্যেক শিক্ষার্থীর পঠিত গল্পের একটা অংশ শুনে, তাদের যখন দরকার সাহায্য করে এবং তারা যা পড়েছিল সেটার কতটুকু বুঝতে পেরেছিল সেটা মাপতে তাদের কিছু প্রশ্ন করে, আমি প্রত্যেক দলের সঙ্গে ১০–১৫ মিনিট কাটিয়েছিলাম। আমি যখন এটা করছিলাম, আমি প্রত্যেক শিক্ষার্থীর মুখোমুখি হওয়ার আগে একটা চেকলিস্ট প্রস্তুত করেছিলাম সেটা ব্যবহার করছিলাম এবং যেখানে প্রয়োজন সেখানে খুব ছোট ছোট নোট নিয়েছিলাম।

শ্রেণি ব্যবস্থাপনা

আমি যে সময় তৃতীয় দলে পৌঁছেছিলাম, অন্য দলের দুজন শিক্ষার্থী ঝগড়া শুরু করেছিল। প্রথম দলের বেশিরভাগ শিক্ষার্থীরাই তাদের যা কাজ দেওয়া হয়েছিল সেটা পাঠ করা শেষ করেছিল এবং আমার মনোযোগ পাওয়ার জন্য গোলমাল করছিল। এক মুহূর্তের জন্য, আমার হট্টগোল বোধ হল। আমি তৃতীয় দলের সঙ্গে আরও সময় কাটানোর পরিকল্পনা করেছিলাম, কারণ সমস্ত চেষ্টা করা সত্ত্বেও তারা

পাঠ করার জন্য যথাসাধ্য চেষ্টা করছিল। আমার খুব তাড়াতাড়ি কিছু একটা করার প্রয়োজন ছিল। যে দুজন শিক্ষার্থী ঝগড়া করছিল আমি তাদের পৃথক করেছিলাম এবং তাদের আলাদা দলে দিলাম। তাদের পরস্পরকে সাহায্য করতে বললাম এবং এটাও বললাম তারা এটা সম্পূর্ণভাবে করতে পারে কি না সেটা দেখার জন্য আমি ওদের ওপর নজর রাখব। যেসব শিক্ষার্থীরা পাঠ করা শেষ করেছিল, তাদের গল্পটিকে আমি ছবির মাধ্যমে প্রকাশ করতে ও তাদের নোটবইতে আঁকতে বলেছিলাম। আমি অন্য দুজনকে ছবির বইটিকে শেষ দলের কাছে জোরে জোরে পাঠ করতে বলেছিলাম। শুধুমাত্র তারপরেই আমি তৃতীয় দলের সঙ্গে পরবর্তী 20 মিনিট অতিবাহিত করতে সমর্থ হয়েছিলাম।

এই সময়ে, শ্রেণিতে কোলাহলের মাত্রা ক্রমান্বয়ে বৃদ্ধি পেতে আরম্ভ করেছিল, কারণ শিক্ষার্থীরা হয় তাদের পাঠ শেষ করে ফেলেছিল বা অস্থির হয়ে উঠেছিল। আমি আমার গণনার কৌশল কার্যকর করতে চেষ্টা করেছিলাম; আমার শিক্ষার্থীরা জানে যে, যখন আমি ধীরে ধীরে পাঁচ পর্যন্ত গুণতে শুরু করব, তাদের অবশ্যই নিজেদের জায়গায় ফিরে যাওয়া উচিত এবং গোলমাল বন্ধ করা উচিত। মধ্যাহ্ন ভোজনের বিরতির আগে শুধু পাঁচ মিনিট বাকি ছিল। আমি তাড়াতাড়ি তাদের নিজেদের বাড়িতে বা সামনের দোকানে প্রাপ্ত যে কোনো তিনটি পণ্যের লেবেলটি পঠন এবং কপি করার একটা বাড়ির কাজ নির্দিষ্ট করে দিয়েছিলাম। আমি শেষ দলের ছয়জন শিক্ষার্থীকে একপাশে ডাকলাম এবং তাদের যে কোনো তিনটি পণ্যের ছবি আঁকতে এবং নামের প্রথম বর্ণগুলিকে তাদের গৃহকাজ হিসেবে লিখে আনতে বললাম। আমি অন্ধ শিক্ষার্থীটিকে বললাম, তার মা কে তিনটি পণ্যের নাম বলতে এবং সেগুলি তাকে পরদিনের শ্রেণিতে পুনরায় বলতে হবে।

ঘন্টা পড়ার পরেই আমি আমার ডায়েরিতে একটা নোট নিয়েছিলাম : পরবর্তী শ্রেণিতে দলের যেসব শিক্ষার্থীদের পাঠাগার থেকে বইগুলি দেওয়া হয়েছিল তাদের সঙ্গে সেই শিক্ষার্থীদের কাজ করতে হবে, যাদের আমি সেদিন পাঠ করতে শুনি নি।

চিন্তার জন্য সাময়িক বিরতি

অঙ্কিতা দিদিমনি একটি বিশাল শ্রেণিতে একটি খুব জটিল, বহুমাত্রিক শ্রেণি অ্যাক্টিভিটি পরিচালনা করতেন। সেখানে অনেক কিছুই চলছিল। আপনার শ্রেণি কীভাবে অঙ্কিতা দিদিমনির শ্রেণির মত বা আলাদা সে বিষয়টি প্রতিফলিত করুন। এই ইউনিটটি সমাপ্ত করতে, অঙ্কিতা দিদিমনির কৌশলগুলি নিয়ে পরবর্তী প্রশ্নগুলির উত্তর দিন:

- অঙ্কিতা দিদিমনির ব্যবহৃত শ্রেণি ব্যবস্থাপনার কৌশলগুলির কয়েকটি বলুন?
- আপনি কি পঠন এবং দলগত কাজের জন্য অঙ্কিতা দিদিমনির কৌশলগুলির কোন একটিও ব্যবহার করেছেন?
- আপনি যদি অঙ্কিতা দিদিমনির জায়গায় থাকতেন তাহলে আলাদা কি করতেন? কেন?
- অঙ্কিতা দিদিমনি একটি বড় বই, পাঠাগারের বইগুলি, পঠন কার্ডগুলি, ছোট বই - যেগুলি তিনি খবরের কাগজ এবং তার ছেলের ছবির বই থেকে তৈরি করেছিলেন সেগুলি ব্যবহার করেছিলেন। আপনার কাছে কোন্ সম্পদগুলি আছে যেগুলি আপনাকে আপনার শ্রেণিতে পঠন দলগুলি সংগঠিত করতে সাহায্য করবে?
- অঙ্কিতা দিদিমনি তুলনামুলকভাবে বয়স্ক শিক্ষার্থীদের জন্য একটি প্রথম শ্রেণির গল্পের বই ব্যবহার করেছিলেন। আপনি কি কোন একটা শ্রেণির কোনো একটি বইয়ের সম্পর্কে ভাবতে পারেন যেটা আপনি ব্যবহার করতে পারেন এবং পঠনে দক্ষ ও স্বল্প দক্ষ উভয়ের জন্যই ব্যবহার করবেন ?

যদি আপনি অঙ্কিতা দিদিমনির করা সমস্ত কিছু করতে নিজেকে অসমর্থ মনে করেন, আমরা আশা করি যে, এই ইউনিটটি আপনাকে আপনার শ্রেণিতে ইংরেজি পঠনের জন্য নতুন রুটিনগুলি এবং ব্যবহারিক সম্পদগুলি ব্যবহার করায় কিছু ভাবনা এবং উৎসাহ দিয়েছে।

5 সারসংক্ষেপ

এই বিভাগটিতে আপনার পঠন প্রক্রিয়াকে উন্নত করার ,নিরীক্ষণ করার এবং সরব পাঠ থেকে নীরব পাঠে যাওয়ার দিকে আলোকপাত করা হয়েছে। আপনি পঠন কার্ডগুলি একটি সম্পদ হিসেবে দেখেছেন এবং আপনি পঠন দলগত কাজে পরিচালনার বিষয়গুলির দিকে লক্ষ্য করেছেন। আপনি সরব পঠন এবং নীরবে পঠনের মূল্যায়ন নিয়েও বিবেচনা করেছেন।

কীভাবে পড়তে হয় সেটা জানার সব থেকে বড় লাভের একটি হল এই, যে একবার দক্ষতা আয়ত্তে এসে গেলে, আপনার শিক্ষার্থীদের কাছে যা আকর্ষণীয় মনে হবে, সে সবই তারা পাঠ করতে পারবে। বাকি শ্রেণির জন্য বা শিক্ষক তাদের কখন কি পড়তে হবে বলে দেবেন সে সবের জন্য অপেক্ষা না করে, তারা তাদের নিজের মতই এগিয়ে যেতে পারে। আমরা আশা করি এই এককের অ্যাক্টিভিটিগুলি এবং কেস স্টাডিগুলি আপনাকে আপনার শ্রেণির ইংরেজি পঠন রুটিনগুলি উন্নত করতে সাহায্য করবে।

এই বিষয়ে অন্যান্য প্রাথমিক ইংরেজি শিক্ষক উন্নয়ন ইউনিটগুলি হলঃ

- *ইংরাজির বর্ণ এবং ধ্বনি*
- *গল্প বলা*
- *ভাগ করে পড়া*
- *একটা পাঠ সংক্রান্ত পরিকল্পনা করা*
- *পড়ার পরিবেশকে উৎসাহিত করা।*

সম্পদসমূহ

সম্পদ 1: নিরীক্ষণ করা ও মতামত দেওয়া

শিক্ষার্থীদের কর্মসম্পাদন ক্ষমতা উন্নত করার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে প্রতিনিয়ত তাদের নিরীক্ষণ ও সাড়া দেওয়া, যাতে তারা জানতে পারে যে তাদের কাছে কি আশা করা হচ্ছে এবং কাজ সম্পূর্ণ হওয়ার পর যাতে তারা শিক্ষকের বাহবা বা মতামত পায়। আপনার গঠনমূলক মতামতের মাধ্যমে তারা তাদের কর্মসম্পাদন ক্ষমতা উন্নত করতে পারে।

নিরীক্ষণ

কার্যকরী শিক্ষকগণ বেশিরভাগ সময় তাঁদের শিক্ষার্থীদের নিরীক্ষণ করেন। বেশিরভাগ শিক্ষক সাধারণত, তাঁদের শিক্ষার্থীরা শ্রেণিতে কী করে তা শুনে ও পর্যবেক্ষণ করে তাদের কাজ নিরীক্ষণ করেন। শিক্ষার্থীদের অগ্রগতি নিরীক্ষণ করা গুরুত্বপূর্ণ কারণ এটা নিম্নলিখিত বিষয়গুলোতে তাদের সাহায্য করে:

- উচ্চতর গ্রেড অর্জন করতে
- তাদের কর্মসম্পাদন ক্ষমতা সম্পর্কে আরও সচেতন হতে এবং তাদের শেখার ক্ষেত্রে আরও দায়িত্বশীল হতে
- তাদের শেখার উন্নতি ঘটাতে
- রাজ্য ও স্থানীয় স্তরে পারদর্শিতার অভিক্ষাগুলোতে কৃতিত্বের পূর্বাভাস করতে।

এটা শিক্ষক হিসাবে আপনাকে আরও যে বিষয়গুলোতে সাহায্য করবে সেগুলো হলো:

- কখন একটি প্রশ্ন জিজ্ঞাসা করা হবে অথবা সংকেত প্রদান করতে হবে
- কখন প্রশংসা করতে হবে
- চ্যালেঞ্জ করা যাবে কিনা
- কেমন করে বিভিন্ন দলের শিক্ষার্থীদের একটি কাজের মধ্যে অন্তর্ভুক্ত করতে হবে
- ভুলগুলি সম্পর্কে কি করা হবে।

শিক্ষার্থীদের অগ্রগতির ওপর স্পষ্ট ও দ্রুত মতামত দেওয়া হলে তারা সব থেকে বেশি উন্নতি করে। নিরীক্ষণ কাজে লাগালে আপনাকে নিয়মিত মতামত দিতে, আপনার শিক্ষার্থীরা কেমন করছে এবং তাদের শেখাকে এগিয়ে নিয়ে যেতে তাদের আর কী কী করা উচিৎ তা তাদের জানাতে সক্ষম করবে।

আপনি যে চ্যালেঞ্জগুলোর সম্মুখীন হবেন তার একটা হল শেখার ক্ষেত্রে তাদের নিজস্ব লক্ষ্য নির্ধারণ করতে শিক্ষার্থীদের সাহায্য করা, যা আত্ম-নিরীক্ষণ নামেও পরিচিত। শিক্ষার্থী, বিশেষভাবে যারা সমস্যার সম্মুখীন থাকে, তারা নিজ শিখন বিষয়ে দায়িত্বশীল হতে অভ্যস্ত থাকে না। কিন্তু আপনি যেকোনো শিক্ষার্থীকে একটা প্রকল্পের জন্য নিজস্ব লক্ষ্য বা উদ্দেশ্য নির্ধারণ করতে, তাদের কাজের পরিকল্পনা করতে ও সময়সীমা ঠিক করতে, এবং তাদের অগ্রগতির আত্ম-নিরীক্ষণ করতে সাহায্য

করতে পারেন। এই প্রক্রিয়ার অনুশীলন এবং আত্ম-নিরীক্ষণের দক্ষতা অর্জন তাদের বিদ্যালয়ে এমনকি সারা জীবন ধরে তাদের লাভ দেবে।

শিক্ষার্থীদের কথা শোনা ও তাদেরকে পর্যবেক্ষণ করা

বেশিরভাগ সময় শিক্ষার্থীদের কথা শোনা ও তাদেরকে পর্যবেক্ষণ করা শিক্ষকদের দ্বারা স্বাভাবিকভাবে হয়ে থাকে; এটা একটা সরল নিরীক্ষণ উপকরণ। উদাহরণস্বরূপ, আপনি:

- আপনার শিক্ষার্থীদের উচ্চস্বরে পড়তে শুনতে পারেন
- জুটিতে বা গ্রুপের কাজে আলোচনাগুলো শুনতে পারেন
- শিক্ষার্থীদের বাইরে বা শ্রেণিকক্ষে সম্পদ ব্যবহার পর্যবেক্ষণ করতে পারেন
- তাদের কাজ করার সময় গ্রুপগুলোর দৈহিক ভাষা পর্যবেক্ষণ করতে পারেন।

নিশ্চিত করুন যে আপনার সংগৃহীত পর্যবেক্ষণগুলো শিক্ষার্থীদের শেখা বা অগ্রগতির প্রকৃত প্রমাণ। একমাত্র যা আপনি দেখতে, শুনতে, যাচাই করতে বা গণনা করতে পারেন সেটা নথিবদ্ধ করুন।

শিক্ষার্থীরা কাজ করার সময়, সংক্ষিপ্ত পর্যবেক্ষণমূলক নোট নেওয়ার জন্য শ্রেণিকক্ষের মধ্যে ঘুরুন। কোন শিক্ষার্থীদের আরও বেশি সাহায্য প্রয়োজন তা রেকর্ড করতে এবং কোনও সম্ভাব্য ভুল বোঝাবুঝি নোট করতে আপনি একটা শ্রেণি তালিকা ব্যবহার করতে পারেন। সমগ্র শ্রেণিকে মতামত দিতে অথবা গ্রুপ বা ব্যক্তিদের প্ররোচিত করতে বা উৎসাহ দিতে আপনি এই পর্যবেক্ষণ ও নোটগুলো ব্যবহার করতে পারেন।

মতামত দান

মতামত হল এমন তথ্য যা কথিত লক্ষ্য অথবা আশা করা ফলাফলের পরিপ্রেক্ষিতে শিক্ষার্থী কেমন সম্পাদন করছে সে সম্পর্কে আপনি তাদের দেন। কার্যকরী মতামত শিক্ষার্থীকে প্রদান করে:

- যা ঘটেছে সে সম্পর্কে তথ্য
- কাজ বা দায়িত্ব কতটা ভালভাবে সম্পাদিত হয়েছে তার একটা মূল্যায়ন
- তাদের কর্মসম্পাদন ক্ষমতা কীভাবে উন্নত করা যায় তার নির্দেশিকা।

আপনি যখন প্রতিটি শিক্ষার্থীকে মতামত দেন, তখন তা অবশ্যই তাদেরকে নিচের বিষয়বস্তুগুলো জানতে সাহায্য করে।

- তারা প্রকৃতপক্ষে কী করতে পারে
- তারা এখনও কী করতে পারে না
- তাদের কাজ অন্যদের কাজের তুলনায় কেমন
- তারা কীভাবে উন্নতি করতে পারে।

স্মরণে রাখা গুরুত্বপূর্ণ যে কার্যকরী মতামত শিক্ষার্থীদের সাহায্য করে। আপনার মতামত অস্পষ্ট বা অন্যায্য বলে শিক্ষার্থীর শেখা বাধাপ্রাপ্ত হোক তা আপনি চান না। কার্যকরী মতামত হল:

- গৃহীত কাজের উপর এবং শিক্ষার্থীর প্রয়োজনীয় শেখাকে **লক্ষ্য রেখে করা হয়**
- **স্পষ্ট ও সঠিক**, শিক্ষার্থীদের শেখার কোনটা ভাল আর কোথায় উন্নতি করা দরকার তা তাদের বলা
- **কার্যে পরিণত করতে সক্ষম**, শিক্ষার্থীকে এমন কিছু করতে বলা যেটা তারা করতে পারে
- উপযুক্ত ভাষায় প্রদত্ত যা শিক্ষার্থীরা বুঝতে পারে
- উপযুক্ত সময়ে প্রদত্ত – এটা বেশি তাড়াতাড়ি দেওয়া হলে, শিক্ষার্থী ভাববে 'আমি তো সেটাই করতে যাচ্ছিলাম!'; বেশি দেরি হলে, শিক্ষার্থীর দৃষ্টি অন্যদিকে নিবদ্ধ হতে পারে এবং তাদের যা বলা হবে, তারা ফিরে গিয়ে সেটা করতে চাইবে না।

মতামত মুখেই বলা হোক বা শিক্ষার্থীর খাতায় লেখা থাক, নিম্নলিখিত নির্দেশিকা অনুসরণ করলে এটা আরও কার্যকরী হবে।

প্রশংসা এবং ইতিবাচক ভাষা ব্যবহার

আমাদের যখন প্রশংসা করা হয় ও উৎসাহ দেওয়া হয়, তা সাধারণত আমাদের যখন সমালোচনা করা হয় বা সংশোধন করা হয় তার থেকে অনেক বেশি ভাল লাগে। উৎসাহ দান ও ইতিবাচক ভাষা পুরো শ্রেণি এবং সব বয়সের ব্যক্তিদের জন্য প্রেরণাদায়ক। মনে রাখবেন যে প্রশংসা যেন অবশ্যই নির্দিষ্ট এবং যে কাজ করা হয়েছে তার ওপর হয়, শিক্ষার্থীদের নিজেদের সম্পর্কে নয়, তা না হলে এটা শিক্ষার্থীদের অগ্রগতিতে সাহায্য করবে না। 'শাবাশ' বলাটা নির্দিষ্ট নয়, তাই নিচের মত বলা ভাল:



সংশোধনের পাশাপাশি সংকেতের ব্যবহার

আপনার শিক্ষার্থীদের সঙ্গে আপনার সংলাপ তাদের শেখায় সাহায্য করে। আপনি যদি তাদের বলেন কোনো উত্তর ভুল এবং সেখানেই কথা শেষ করে দেন, তাহলে তাদের ভাবতে দেওয়ার এবং নিজেদের চেষ্টা করতে দেওয়ার সুযোগ হারান। আপনি যদি শিক্ষার্থীদের কোন ইঙ্গিত দেন অথবা তাদের আরও কোন প্রশ্ন করেন, তবে আপনি তাদের আরও গভীরভাবে ভাবতে সাহায্য করেন এবং উত্তর খোঁজার এবং নিজেদের শেখার দায়িত্ব নিতে তাদের উৎসাহ দেন। উদাহরণস্বরূপ, এই ধরনের কথা বলে আপনি আরও ভাল উত্তর দিতে বা একটা সমস্যা ভিন্ন দৃষ্টিকোণ থেকে দেখতে উৎসাহ দিতে পারেন:

অন্যান্য শিক্ষার্থীদেরকে পরস্পরকে সাহায্য করতে উৎসাহ দেওয়া যথাযথ হতে পারে। এরকম মন্তব্য সহ আপনি আপনার প্রশ্নগুলো শ্রেণির বাকিদের সামনে রেখে এটা করতে পারেন যেমন:



বানান বা সংখ্যার অনুশীলনের মত কাজগুলোর ক্ষেত্রে 'হ্যাঁ' বা 'না' দিয়ে শিক্ষার্থীদের সংশোধন করা যথাযথ হতে পারে, কিন্তু এখানেও আপনি শিক্ষার্থীদের উত্তরের মধ্যে উদ্ভূত প্যাটার্ন দেখতে উৎসাহিত করতে পারেন, একই রকম উত্তরগুলোর মধ্যে সংযোগ করে দেখাতে পারেন অথবা নির্দিষ্ট কোন উত্তর ভুল কেন সে সম্পর্কে আলোচনা শুরু করতে পারেন।

স্ব-সংশোধন এবং সমকক্ষের সংশোধন কার্যকরী এবং জুটিতে কাজ করার সময় শিক্ষার্থীদের নিজস্ব ও পরস্পরের কাজ পরীক্ষা করতে বলে আপনি এতে উৎসাহিত করতে পারেন। যাতে খুব বেশি বিভ্রান্তিকর তথ্য না আসে তাই একবারে একটা দিক সংশোধন করার ওপর দৃষ্টি নিবদ্ধ করা সবথেকে ভাল।

সম্পদ 2: দলগত কাজের ব্যবহার

দলগত কাজ হল একটা পদ্ধতিমাফিক, সক্রিয়, শিক্ষাবিজ্ঞানগত কৌশল যা ছোট দলগুলির শিক্ষার্থীদের সাধারণ লক্ষ্যের সাফল্য অর্জনের জন্য একসাথে কাজ করতে উৎসাহিত করে। এই ছোট ছোট দলগুলো সুসংহত কার্যকলাপের মাধ্যমে আরও সক্রিয় এবং কার্যকর শিক্ষাদানকে উৎসাহিত করে।

দলগতভাবে কাজ করার সুবিধা

দলগতভাবে কাজ আপনার শিক্ষার্থীদেরকে চিন্তা করতে, মতবিনিময় করতে, ধারণা ও চিন্তাধারা আদান প্রদান করতে, এবং সিদ্ধান্ত নিতে উৎসাহিত করে তাদেরকে শেখার জন্য অনুপ্রানিত করার এক অত্যন্ত কার্যকর উপায় হতে পারে। আপনার শিক্ষার্থীরা শিখতে এবং অন্যদের শেখাতে, দুটোই পারে: এটি শিক্ষার একটা শক্তিশালী এবং সক্রিয় রূপ।

দলগতভাবে কাজ হল শিক্ষার্থীদের দল বেঁধে বসার থেকে অনেক বেশি কিছু; এর জন্য সকলকেই একটি স্পষ্ট উদ্দেশ্যযুক্ত কাজে অংশ নিতে ও অবদান দিতে হয়। আপনি শেখানোর জন্য কেন দলগতভাবে কাজের ব্যবহার করছেন সেই সম্পর্কে আপনার স্পষ্ট ধারণা থাকতে হবে এবং বক্তৃতা করা, জুটিতে কাজ করা বা শিক্ষার্থীদের নিজে নিজে করার পরিবর্তে এটা কেন বাঞ্ছনীয় তা জানতে হবে। অতএব, দলগত কাজ সুপরিকল্পিত এবং উদ্দেশ্যপূর্ণ হতে হবে।

দলগত কাজের পরিকল্পনা

কখন এবং কীভাবে আপনি দলগত কাজ ব্যবহার করবেন তা পাঠক্রমের শেষে আপনি কি শিখণ অর্জন করতে চান তার উপর নির্ভর করবে। আপনি পাঠের শুরুতে, মাঝপথে বা শেষে দলগত কাজ অন্তর্ভুক্ত করতে পারেন, তবে আপনার যথেষ্ট সময় দেওয়া দরকার। আপনি শিক্ষার্থীদের দিয়ে যে কাজটি সম্পূর্ণ করাতে চান সেই বিষয়ে এবং দলগুলো সংগঠিত করার সেরা উপায় সম্পর্কে আপনাকে ভাবতে হবে।

শিক্ষক হিসেবে আপনি দলগত কাজের সাফল্য নিশ্চিত করার লক্ষ্যে আপনি এই ভাবে কিছু আগাম পরিকল্পনা করতে পারেন:

- দলগত কার্যকলাপের লক্ষ্য এবং প্রত্যাশিত ফলাফল
- মতামত প্রদান বা সংক্ষেপে কোনো কাজের বর্ণনা সহ, তার জন্য বরাদ্দ সময়
- কীভাবে দল ভাগ করবেন (কতগুলো দল, প্রত্যেক দলে কতজন শিক্ষার্থী, দলগতভাবে বিচার্য বিষয়)
- কীভাবে দলগুলো সংগঠিত করবেন (বিভিন্ন দলের সদস্যদের ভূমিকা, প্রয়োজনীয় সময়, উপকরণ, নথিবদ্ধ করা এবং প্রতিবেদন তৈরি করা)
- কীভাবে কোনো মূল্যায়ন পদ্ধতি পরিচালনা ও নথিবদ্ধ করা হবে (দলগত মূল্যায়ন থেকে ব্যক্তিগত মূল্যায়নকে আলাদা করে চিহ্নিত করতে যত্নশীল হোন)
- কীভাবে আপনি দলগত অ্যাক্টিভিটিগুলো নিরীক্ষণ করবেন।

দলগতভাবে করণীয় কাজগুলো

আপনি আপনার শিক্ষার্থীদের যে কাজ সম্পূর্ণ করতে বলেন তা নির্ভর করে আপনি তাদের যা শেখাতে চান তার উপর। দলগত কাজে অংশ নিয়ে তারা একে অপরের কথা শোনা, তাদের ধারণাগুলো ব্যাখ্যা করা এবং সহযোগিতামূলকভাবে

কাজ করার মত দক্ষতাগুলো শিখবে। তবে, তাদের জন্য প্রধান লক্ষ্য হল আপনি যে বিষয়টি শেখাচ্ছেন সেটা সম্পর্কে কিছু শেখা। করণীয় কাজের কিছু উদাহরণ নিম্নরূপ:

- **উপস্থাপনা:** শিক্ষার্থীরা শ্রেণির বাকি সহপাঠীদের জন্য একটা উপস্থাপনা প্রস্তুত করতে দলগতভাবে কাজ করে। প্রতিটি দল যদি বিষয় সম্পর্কে ভিন্ন ভিন্ন দৃষ্টিভঙ্গি উপস্থাপনা করে তবে তা সবচেয়ে কার্যকরী হয়, তাহলে একই বিষয়ে বারবার শোনার থেকে বরং তারা একে অপরের কথা শুনতে উদ্দীপিত হয়। প্রতিটি দলের ক্ষেত্রেই উপস্থাপন করার সময় সম্পর্কে খুব কঠোর হতে হবে এবং ভাল উপস্থাপনা নির্বাচন করার জন্য নির্দিষ্ট মানদণ্ডগুলো স্থির করতে হবে। পাঠ শুরুর আগেই, বোর্ডে এগুলো লিখুন। শিক্ষার্থীরা তাদের উপস্থাপনার পরিকল্পনা এবং একে অপরের কাজের মূল্যায়ন করার জন্য এই মানদণ্ডগুলো ব্যবহার করতে পারে। মানদণ্ডগুলোতে অন্তর্ভুক্ত থাকতে পারে:
  - উপস্থাপনাটি কি স্পষ্ট ছিল?
  - উপস্থাপনাটি কি সুসংগঠিত ছিল?
  - আমি কি উপস্থাপনাটি থেকে কিছু শিখতে পেরেছিলাম?
  - উপস্থাপনাটি কি আমাকে ভাবিয়ে তুলেছিল?
- **সমস্যার সমাধান:** কোন সমস্যা বা এক গুচ্ছ সমস্যার সমাধান করতে শিক্ষার্থীরা দলগতভাবে কাজ করে। এতে বিজ্ঞানের একটা পরীক্ষা পরিচালনা করা, গণিতের সমস্যা সমাধান, ইংরেজিতে একটা গল্প বা কবিতা বিশ্লেষণ, বা ইতিহাসের প্রমাণ বিশ্লেষণ অন্তর্ভুক্ত থাকতে পারে।
- **একটা হস্তনির্মিত বস্তু বা পণ্য তৈরি করা:** শিক্ষার্থীরা একটা গল্প নির্মান, নাট্যাংশ, সঙ্গীতাংশ মডেল তৈরি করে, কোন ধারণা ব্যাখ্যা করার জন্য, কোনো বিষয়ে একটা সংবাদ প্রতিবেদন অথবা পোস্টার বানিয়ে কোনো ধারণা ব্যাখ্যা অথবা সারাংশ করার জন্য তারা দলগতভাবে কাজ করে। একটি নতুন বিষয় শুরু করার আগে দলগুলোকে বৌদ্ধিক আলোড়ণ (Brainstorming) বা চিন্তনের রূপরেখা (Mind Map) তৈরি করার জন্য পাঁচ মিনিট সময় দেওয়া হলে, তাদের সক্রিয়তা আপনাকে তাদের বর্তমান জ্ঞান সম্পর্কে জানতে সাহায্য করে, এবং যথাযথ শিখণ মাত্রার পাঠ পরিকল্পনা করতেও সহায়তা করবে।
- **পৃথকীকৃত কর্ম:** বিভিন্ন বয়স বা বিভিন্ন দক্ষতার শিক্ষার্থীদের কোন উপযুক্ত করণীয় কাজ একসঙ্গে করার জন্য দলগত কাজ একটা ভালো সুযোগ করে দেয়। কাজটি ব্যাখ্যা করার সুযোগ পেয়ে উচ্চ সামর্থযুক্ত উপকৃত হতে পারে, পক্ষান্তরে স্বল্প সামর্থ্যযুক্ত শিক্ষর্থীদের পক্ষে পুরো শ্রেণির তুলনায় একটা দলের মধ্যে প্রশ্ন জিজ্ঞাসা করায় সাবলীল হবে এবং তারা তাদের সহপাঠীদের কাছ থেকেও শিখবে।
- **আলোচনা:** শিক্ষার্থীরা একটি বিষয় বিবেচনা করে এবং সিদ্ধান্তে আসে। বিভিন্ন বিকল্প বিবেচনা করার জন্য শিক্ষার্থীদের যথেষ্ট জ্ঞান থাকা নিশ্চিত করতে আপনাকে যথেষ্ট প্রস্তুতি নিতে হতে পারে, তবে একটা আলোচনা বা বিতর্ক আয়োজন করা আপনার ও তাদের উভয়ের জন্য অত্যন্ত ফলপ্রসূ হতে পারে।

দলগুলোকে সংগঠিত করা

চার থেকে আট জনের দল আদর্শ তবে এটা আপনার শ্রেণির আকার, বাস্তব পরিবেশ ও আসবাবপত্র, এবং আপনার শিক্ষার্থীদের সামর্থ্য ও বয়সের সীমার উপর নির্ভর করবে। আদর্শভাবে একটা দলের প্রত্যেকের একে অপরকে দেখা, চিৎকার করে কথা বলা এবং দলগত কাজের ফলাফলে অবদান রাখা প্রয়োজন।

- কীভাবে এবং কেন আপনি শিক্ষার্থীদের দলে বিভক্ত করবেন তা স্থির করুন; উদাহরণস্বরূপ, আপনি বন্ধুত্ব, আগ্রহ অথবা অনুরূপ বা মিশ্র দক্ষতা অর্জন অনুযায়ী দলগুলোকে বিভক্ত করতে পারেন। বিভিন্ন পদ্ধতি নিয়ে পরীক্ষানিরীক্ষা করুন এবং প্রতিটি শ্রেণিতে কোনটা সবথেকে ভালভাবে কাজ করে তা পর্যালোচনা করুন।
- আপনি দল সদস্যদের যে সমস্ত ভূমিকা দেবেন (উদাহরণস্বরূপ, লিপিকার, মুখপাত্র, সময় রক্ষক বা সরঞ্জাম সংগ্রাহক), এবং আপনি এটা কীভাবে সুস্পষ্ট করবেন তা পরিকল্পনা করুন।

দলগতভাবে কাজ পরিচালনা করা

ভাল দলগত কাজ পরিচালনা করতে আপনি রুটিন এবং নিয়ম তৈরি করতে পারেন। আপনি নিয়মিত দলগত কাজ ব্যবহার করলে, শিক্ষার্থীরা জানবে যে আপনি কি আশা করেন এবং এটাকে আনন্দদায়ক বলে মনে করবে। দল ও দলের সঙ্গে একসঙ্গে কাজ করার সুবিধা চিহ্নিত করার জন্য, আপনার শ্রেণির সঙ্গে কাজ করা প্রাথমিকভাবে একটা ভাল ধারণা। দলগত কাজে ভাল আচরণ বলতে কী বোঝায় তা আপনার আলোচনা করা উচিত, এবং সম্ভবত 'নিয়মাবলী'র একটা তালিকা তৈরি করা উচিত যা প্রদর্শন করা যেতে পারে; উদাহরণস্বরূপ, 'একে অপরের জন্য সম্মান', 'শোনা', 'একে অপরকে সাহায্য করা', 'একাধিক ধারণা চেষ্টা করা', প্রভৃতি।

দলগত কাজ সম্পর্কে পরিষ্কার মৌখিক নির্দেশ দেওয়া গুরুত্বপূর্ণ যা সূত্র হিসেবে ব্ল্যাকবোর্ডেও লেখা যেতে পারে। আপনাকে করতে হবে:

- আপনার পরিকল্পনা অনুযায়ী আপনার শিক্ষার্থীদের যে দলে কাজ করতে হবে সেই দলে যোগ দেওয়ার নির্দেশ দিন, সম্ভবত শ্রেণিকক্ষের এলাকাগুলোও চিহ্নিত করে দিতে পারেন যেখানে তারা কাজ করবে বা কোনো আসবাবপত্র বা বিদ্যালয় ব্যাগ সরানো সম্পর্কে নির্দেশাবলী প্রদান করুন
- করণীয় কাজটি সম্পর্কে খুব স্পষ্ট ধারণা থাকতে হবে এবং সংক্ষিপ্ত নির্দেশাবলী বা ছবিতে এটা বোর্ডে লিখুন। আপনার শুরু করার আগে আপনার শিক্ষার্থীদের প্রশ্ন জিজ্ঞাসা করার অনুমতি দিন।

পাঠের সময়, পর্যবেক্ষণ করতে চারিদিকে ঘুরুন এবং দলগুলো কীভাবে কাজ করছে তা পরীক্ষা করুন। তারা কাজ থেকে বিচ্যুত হয়ে গেলে বা আটকে পড়লে, যেখানে প্রয়োজনে পরামর্শ দিন।

আপনি কাজের সময় দল পরিবর্তন করতে পারেন। আপনি দলগত কাজের ব্যাপারে আত্মবিশ্বাসী বোধ করলে এই দুটো কৌশল চেষ্টা করে দেখতে পারেন – বড় শ্রেণি সামলানোর সময় এগুলো বিশেষভাবে সহায়ক হয়:

- **'বিশেষজ্ঞ দল:** প্রতিটি দলকে ভিন্ন কাজ দিন, যেমন বিদ্যুত্ উৎপাদনের একটা উপায় গবেষণা করা বা কোন নাটকের জন্য একটা চরিত্র তৈরি করা। একটি উপযুক্ত সময়ের পরে, দলগুলোকে পুনরায় সংগঠিত করুন যাতে সমস্ত মূল দল থেকে একজন 'বিশেষজ্ঞ'কে নিয়ে প্রতিটি নতুন দল তৈরি হয়। তারপর তাদের একটা কাজ দিন যেখানে সমস্ত বিশেষজ্ঞদের থেকে জ্ঞানকে এক জায়গায় জড় করতে হয়, যেমন কি ধরনের বিদ্যুৎকেন্দ্র নির্মাণ করতে হবে সেই সিদ্ধান্ত নেওয়া বা নাটকের একটা অংশ প্রস্তুত করা।
- **'দূত':** কাজটিতে কিছু সৃষ্টি করা বা কোন সমস্যার সমাধান করা জড়িত থাকলে, কিছুক্ষণ পর, প্রতিটি দলকে অন্য দলগতভাবে একজন দূত পাঠাতে বলুন। তারা ধারণাগুলোর বা সমস্যার সমাধানগুলোর তুলনা করতে পারে এবং তারপর তাদের নিজেদের দলে ফিরে গিয়ে মতামত প্রকাশ করতে পারে। এই ভাবে, দলগুলো একে অপরের থেকে শিখতে পারে।

কাজের শেষে, কি শেখা হয়েছে তা সংক্ষেপে বর্ণনা করুন এবং আপনি কোনো ভ্রান্ত ধারণা দেখতে পেলে তা সংশোধন করুন। আপনি প্রতিটি দল থেকে মতামত শুনতে চাইতে পারেন, অথবা শুধুমাত্র একটা বা দুটো দলকে জিজ্ঞাসা করতে পারেন, যাদের কিছু ভাল ধারণা আছে বলে আপনি মনে করেন। শিক্ষার্থীদের মতামত প্রদান করাটি সংক্ষিপ্ত রাখুন এবং কোন কাজটা ভালভাবে করা হয়েছে, কোনটা আকর্ষণীয় ছিল এবং কোনটা আরও উন্নত করা যেতে পারে তা শনাক্ত করে তাদেরকে অন্য দলগুলির কাজের উপর মতামত দিতে উৎসাহ দিন।

আপনি যদি আপনার শ্রেণিকক্ষে দলগত কাজ গ্রহণ করতে চান তাহলেও, কখনও কখনও এটা সংগঠিত করা আপনার কাছে কঠিন লাগতে পারে, কারণ কিছু শিক্ষার্থী:

- সক্রিয় শিখন প্রতিরোধ করে এবং অংশ নেয় না
- আধিপত্য বিস্তারকারী
- পারস্পরিক সম্পর্ক স্থাপনের কম দক্ষতার কারণে বা আত্মবিশ্বাসের অভাবে তারা অংশগ্রহণ করে না।

দলবদ্ধ কাজ পরিচালনায় কার্যকর হয়ে ওঠার জন্য, শেখার ফলাফল কতদূর পূরণ হয়েছিল এবং আপনার শিক্ষার্থীরা কতটা ভাল সাড়া দিয়েছিল (তারা সবাই কি উপকৃত হয়েছিল?) তা বিবেচনা করার পাশাপাশি উপরের সব পয়েন্টগুলো বিবেচনা করা গুরুত্বপূর্ণ। দলগত কাজ, সম্পদ, সময় বা দল গঠনে আপনি যে পরিবর্তনগুলো করতে পারেন তা বিবেচনা করুন এবং সাবধানে পরিকল্পনা করুন।

গবেষণা সুপারিশ করে যে শিক্ষার্থীদের সাফল্যকে ইতিবাচকভাবে প্রভাবিত করার জন্য সব সময় দলগত শিখণ প্রয়োগ করার প্রয়োজন নেই, তাই প্রতি পাঠে এটার ব্যবহার বাধ্যতামূলক বলে আপনার মনে করা উচিত নয়। আপনি দলগত কাজ ব্যবহার করাকে একটা পরিপূরক কৌশল হিসাবে বিবেচনা করতে পারেন, উদাহরণস্বরূপ একটা বিষয় পরিবর্তনের মধ্যে একটা বিরতি হিসাবে বা শ্রেণির কোন আলোচনা হঠাত্ শুরু করার জন্য। এছাড়াও আড়ষ্টতা দূর করার অ্যাক্টিভিটি হিসাবে বা অভিজ্ঞতামূলক শেখার অ্যাক্টিভিটি প্রচলন করার জন্যও এটা ব্যবহার করা যায় এবং শ্রেণিকক্ষে সমস্যা সমাধান অনুশীলন করতে, বা বিষয় পর্যালোচনা করতেও ব্যবহার করা যেতে পারে।

অতিরিক্ত ব্যবহারিক সম্পদসমূহ

- Karadi Tales: http://www.karaditales.com/
- National Book Trust India: http://www.nbtindia.gov.in /
- NCERT textbooks: http://www.ncert.nic.in/NCERTS/textbook/textbook.htm
- Teachers of India classroom resources: http://www.teachersofindia.org/en
- Textbooks of class (iv), (v), (vi) of West Bengal Government

তথ্যসূত্র/গ্রন্থতালিকা

Bromley, H. (2000) *Book-based Reading Games*. London: Centre for Literacy in Primary Education.

Bryant, P. and Nunes, T. (eds) (2004) *Handbook of Children's Literacy*. Dordrecht: Kluwer Academic Publishers.

Dombey, H. and Moustafa, M. (1998) *Whole to Part Phonics: How Children Learn to Read and Spell*. London: Centre for Literacy in Primary Education.

Goswami, U. (2010a) 'Phonology, reading and reading difficulties' in Hall, K., Goswami, U., Harrison, C., Ellis, S. and Soler, J. (eds) *Interdisciplinary Perspectives on Learning to Read*. London: Routledge.

Goswami, U. (2010b) 'A psycholinguistic grain size view of reading acquisition across languages' in Brunswick, N., McDougall, S. and Mornay-Davies, P. (eds) *The Role of Orthographies in Reading and Spelling*. Hove: Psychology Press.

Graham, J. and Kelly, A. (2012) *Reading under Control: Teaching Reading in the Primary School*, 3rd edn. London: Routledge.

Hall, K., Goswami, U., Harrison, C., Ellis, S. and Soler, J. (eds) (2010) *Interdisciplinary Perspectives on Learning to Read: Culture, Cognition and Pedagogy*. London: Routledge.

কৃতজ্ঞতাস্বীকার

তৃতীয় পক্ষের উপাদানগুলি ব্যতীত এবং অন্যথায় নীচে বর্ণিত না থাকলে এই সামগ্রীটি একটি ক্রিয়েটিভ কমনস অ্যাট্রিবিউশন শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ হয় (http://creativecommons.org/licenses/by-sa/3.0/)। নীচে স্বীকৃত উপাদানটি মালিকানাধীন এবং এই প্রকল্পের লাইসেন্সের অধীনে ব্যবহার করা হয় এবং ক্রিয়েটিভ কমনস লাইসেন্সের বিষয়বস্তু নয়। এর অর্থ এই উপাদানটি কেবল মাত্র TESS-ইন্ডিয়া প্রকল্পে অ্যাডাপ্ট না করেই ব্যবহার করতে পারা যায়, কোনও পরবর্তী OER সংস্করণগুলিতে পারা যায় না। এর মধ্যে TESS-ইন্ডিয়া, OU এবং UKAID লোগোগুলির ব্যবহার অন্তর্ভুক্ত।

এই ইউনিটে উপাদানটি পুনরুৎপাদনে অনুমোদন প্রাদনের জন্য নিম্নলিখিত উৎসগুলির প্রতি কৃতজ্ঞতা স্বীকার করা হয়:

চিত্র 1: পঠন কার্ড 1 থেকে পঠন কার্ডের উদাহরন, ইংলিশ 100, সেন্ট্রাল ইন্সটিটিউট অফ ইংলিশ অ্যান্ড ফরেন ল্যাঙ্গুয়েজেস: CIEFL হায়দ্রাবাদ, 2000. [Figure 1: Example of reading card from Reading Card 1, English 100, Central Institute of English and Foreign Languages: CIEFL Hyderabad, 2000].

চিত্র 2: পঠন কার্ডের উদাহরণ, 100 এবং 41, ইংরেজি 100, CIEFL: থেকে। CIEFL হায়দ্রাবাদ, 2000. [Figure 2: Example of reading card from Reading Cards 100 and 41, English 100, CIEFL: CIEFL Hyderabad, 2000]

কপিরাইট স্বত্বাধিকারীদের সাথে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বতভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।

ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।